# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

~~জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।~~

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২২২৬/২০১৫/৩১৪ তারিখঃ ২৫ অক্টোবর, ২০১৭ ইং

আদেশ

যেহেতু, কমিশন এর আদেশ নং BSEC/Surveillance/2003-0004/523 তারিখ: জানুয়ারি ১৩, ২০১৫ এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপ:

## Quote

**"----Trading by Issuer Company's Employee:**

It has been found that Mrs. Shamima Nazrul (client code # 00812, BO ID # 1203670034063463), a client of Alliance Securities and Management Limited, has bought 2,45,000 shares of Alltex Industries Limited on 26, 27 & 28 October, 2014 and made profit of Tk.31,95,835.00 i.e., 147.07%. Mentionable that she is the wife of Mr. Md. Nazrul Islam, Deputy Manager (Accounts) of Alltex Industries Limited. Details are as follows:

**Name of the broker: Alliance Securities & Management Limited**

**Client Code: 00812**

**Client Name: Mrs. Shamima Nazrul**

| Date | Buy Qty | Buy rate | Buy value | Sale Qty | Sale rate | Sale value | | Trade volume | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | DSE | Client buy | Client Contribution |
| 26.10.14 | 43,500 | 8.53 | **371,055** | | | **0** | | 227,000 | 43,500 | 19.16% |
| 27.10.14 | 176,500 | 8.94 | **1,577,910** | | | **0** | | 728,000 | 176,500 | 24.24% |
| 28.10.14 | 25,000 | 8.96 | **224,000** | | | **0** | | 2,138,000 | 25,000 | 1.17% |
| 16.11.14 | | | **0** | 45,000 | 23.44 | **1,054,800** | | 4,845,000 | 45,000 | 0.93% |
| 17.11.14 | | | **0** | 200,000 | 21.57 | **4,314,000** | | 3,647,000 | 200,000 | 5.48% |
| **Total** | **245,000** | **8.87** | **2,172,965** | **245,000** | **21.91** | **5,368,800** | | **11,585,000** | **490,000** | **4.23%** |
| **Realized gain(Tk.)** | | | | | | **3,195,835** | | | | |
| **Realized gain(%)** | | | | | | **147.07%** | | | | |
| **Market closing price as on 12-Jan-15** | | | | | | **35.80** | | | | |
| **Unrealized gain(Tk.)** | | | | | | **N/A** | | | | |
| **Unrealized gain (%)** | | | | | | **N/A** | | | | |

### Corporate Declaration of Alltex Industries Limited:

Alltex Industries Limited disseminated the following information through DSE website on October 29, 2014:

> "The Board of Directors has recommended 10% stock dividend for the year ended on June 30, 2014. The Company has also reported EPS of Tk. 2.56, NAV per share of Tk. 11.16 and NOCFPS of Tk. 0.82 for the year ended on June 30, 2014".

As per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ২, উপ-বিধি (ঙ) "সুবিধাভোগী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি-

(অ) কোন কোম্পানীর পরিচালক, প্রধান শেয়ারহোল্ডার ম্যানেজিং এজেন্ট, ব্যাংকার, নিরীক্ষক, উপদেষ্টা, কর্মকর্তা বা কর্মচারী।
(আ) এমন একজন ব্যক্তি যে, উপ-দফা (অ) তে উলিণ্ঢখিত কোন ব্যক্তির সহিত তাহার সম্পর্কের কারণে অথবা কোম্পানীর সহিত যে কোন সম্পর্কের কারণে বা তাহার অবস্থানের কারণে মূল্য সংবেদনশীল তথ্য জানিতে পারেন বা উক্ত তথ্য জানিবার সুযোগ তাহার আছে বলিয়া বিবেচনা করা যায়।

As per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ৪, উপ-বিধি
(১) "কোন ব্যক্তি নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোন ব্যক্তিগত পরামর্শ প্রদান বা সহায়তা করিবেন না। "

And as per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ৩, উপ-বিধি

(১) " আপাততঃ বলবৎ যে কোন আইন, কোম্পানীর সংঘবিধি এবং কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য অন্য কোন বিধি-বিধানের প্রয়োজন ব্যতীত কোন সুবিধাভোগী কোন মূল্য সংবেদনশীল তথ্য অন্য কাহারও নিকট সরবরাহ করিতে পারিবে না।"

Being the Deputy Manager (Accounts) of Alltex Industries Limited, Mr. Md. Nazrul Islam was in a postion to get information about the company's yearly performance. As Mrs. Shamima Nazrul traded in shares of Alltex Industries just before the corporate declaration, it seems that Shamima Nazrul may have had the opportunity to know this information from her husband. Otherwise, we can say that Mr. Md. Nazrul Islam might has traded in shares of Alltex indirectly through his wife's account.

**Contravention:**

Mr. Md. Nazrul Islam has violated the **সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ৩, উপ-বিধি (১)** as he has shared the undisclosed price sensitive information of "ALLTEX" with his spouse Ms. Shamima Nazrul.**"Unquote**

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য জনাব মোঃ নজরুল ইসলাম এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- BSEC/Enforcement/2226/2015/216 তারিখ জুন ০৮, ২০১৬ ইং প্রেরণ করে এবং জুলাই ২১, ২০১৬ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে এবং যা পরবর্তীতে কমিশনের ২৮/১১/২০১৬ ইং তারিখের পত্রের মাধ্যমে ১৪/১২/২০১৬ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করা হয়। ধার্য্যকৃত তারিখে জনাব মোঃ নজরুল ইসলাম এবং মোঃ নজরুল ইসলাম এর প্রতিনিধি উপস্থিত হয়ে ডিসেম্বর ১৪, ২০১৬ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"-------সবিনয় নিবেদন এই যে, আমি বিগত ০৮/০৬/২০১৬ইং তারিখে আপনার প্রদত্ত চিঠি প্রাপ্ত হই। প্রাপ্ত চিঠিতে বিগত ২১/০৭/২০১৬ইং তারিখে বেলা ১১ ঘটিকায় ব্যাখ্যা প্রদানের দিন ধার্য্য ছিল। উক্ত তারিখে আমার প্রতিনিধি জনাব এডভোকেট জগদীশ চন্দ্র সাহার মাধ্যমে সময় প্রার্থনা করিয়াছিলাম, অতঃপর নোটিশটির শুনানি অদ্য ১৪/১২/২০১৬ইং তারিখে ধার্য্য করা হয়। আপনার চিঠিতে আপনি Non compliance of Securities related laws-এর ব্যাপারে আমার নিকট জানতে চেয়েছেন। এর প্রেক্ষিতে আমার বক্তব্য নিম্নে উপস্থাপন করিলাম:

আমি মোঃ নজরুল ইসলাম বিগত ১৪/০৩/১৯৯৭ইং তারিখে Accounts Officer হিসেবে বাস্তুশিল্পী লিঃ নামক কোম্পানীতে যোগদান করি। দীর্ঘ প্রায় ৭ বছর বাস্তুশিল্পী লিঃ-এ চাকুরীর পর কোম্পানীর কাজ না থাকায় কোম্পানীটি থেকে প্রায় সবাইকে ছাঁটাই করে। আমি একই মালিকের আরেকটি কোম্পানী অলটেক্স ইন্ডাস্ট্রিজ লিঃ-এ ২০০৪ইং সালের কোন একটি সময় মালিকের মৌখিক নির্দেশে সহকারী ব্যবস্থাপক (হিসাব) হিসেবে যোগদান করি। অলটেক্স ইন্ডাস্ট্রিজ লিঃ-এ আমি ২০০৪ইং থেকে ২০০৫ইং সাল পর্যন্ত হিসাব বিভাগে কাজ করি। অতঃপর একই মালিকানাধীন আরেকটি প্রতিষ্ঠান অলটেক্স স্পিনিং লিঃ-এ ২০০৫ইং সালে আবারও মালিকের মৌখিক নির্দেশে একই পদে সহকারী ব্যবস্থাপক (হিসাব) হিসাবে কাজে যোগদান করি। অতঃপর আমি ২০০৫ইং থেকে অলটেক্স স্পিনিং লিঃ-এর হিসাব নিকাশ, বেতন বিবরণী প্রস্তুত, হিসাব বিবরণী প্রস্তুত ও ব্যংকের Finance Related বিষয়গুলি ১৬/০২/২০১৬ইং তারিখ পর্যন্ত দেখাশোনা করে থাকি। তারপর ১৭/০২/২০১৬ইং তারিখে অলটেক্স স্পিনিং লিঃ থেকে চাকুরি ছেড়ে ইসরাক স্পিনিং মিলস্ লিঃ (বাড়ী নং-১৫, রোড নং-৭২, গুলশান-২, ঢাকা) নামক নতুন কোম্পানীতে চাকুরী নিয়ে বর্তমানে Assistant General Manager (Accounts & Finance) হিসাবে অদ্যবধি কর্মরত আছি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
~~জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ~~।
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনকি এলাকা, ঢাকা-১২০৭।

আমার চাকুরী জীবনের বর্ণনা দেওয়ার কারণ হচ্ছে, আমি ২০০৫ইং সাল থেকে ১৬.০২.২০১৬ইং তারিখ পর্যন্ত অলটেক্স স্পিনিং লিঃ-এ কর্মরত ছিলাম। এমতাবস্থায় আমার পক্ষে অলটেক্স ইন্ডাস্ট্রিজ লিঃ-এর Accounts বিষয়ক কোন তথ্য জানার সুযোগ ছিল না এবং জানতামও না। তবে আমি ক্ষুদ্র বিনিয়োগকারী হিসাবে বিভিন্ন সময়ে শেয়ার ক্রয়-বিক্রয় করিতাম। আপনার

আনীত অভিযোগকালীন সময়েও আমি আমার স্ত্রীর BO Account ক্রয়-বিক্রয় করিয়াছি। এখানে উল্লেখ্য যে, শুরু থেকে ১২/১২/২০১৬ইং তারিখ পর্যন্ত আমার স্ত্রীর Account-এ ১০,৫৩,৪৬১.৬৮ নীট ক্ষতি হয়েছে।
যেহেতু আমি একজন প্রাইভেট চাকুরিজীবী এবং শেয়ার বাজারের ক্ষুদ্র বিনিয়োগকারী, সেহেতু আমার পক্ষে শেয়ার বাজারের বিস্তারিত আইন-কানুন জানা সম্ভব ছিল না।
এমতাবস্থায় যদি আমার অসচেতনতায় কোন ভুল ত্রুটি হয়ে থাকে, তাহলে বিনীতিভাবে ক্ষমা চাচ্ছি। ভবিষ্যতে আমি শেয়ার বাজারের নিয়ম-কানুন মানিয়া চলিতে সচেষ্ট থাকিব।
উপরোক্ত বিষয়াদি ও প্রমাণিত বিবেচনাপূর্বক আমাকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।"

যেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম তারিখ ডিসেম্বর ১৪, ২০১৬ ইং পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগ স্বীকার করে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং জনাব মোঃ নজরুল ইসলাম এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে জনাব মোঃ নজরুল ইসলাম এর উক্তরূপ ব্যর্থতা section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে জনাব মোঃ নজরুল ইসলামকে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ নজরুল ইসলাম এর উপর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মোঃ আমজাদ হোসেন
কমিশনার

বিতরনঃ
জনাব মোঃ নজরুল ইসলাম
উপ-ব্যাবস্থাপক (হিসাব)
অলটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড।

**অবগতির জন্য অনুলিপি:**

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

~~জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা ১০০০, বাংলাদেশ।~~

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।


নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২২২৬/২০১৫/৩৫ তারিখঃ ২৫ অক্টোবর, ২০১৭ ইং

## আদেশ

যেহেতু, কমিশন এর আদেশ নং BSEC/Surveillance/2003-0004/523 তারিখ: জানুয়ারি ১৩, ২০১৫ এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠিত হয় এবং উক্ত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপ:

**Quote**

**"----Trading by Issuer Company's Employee:**

It has been found that Mrs. Shamima Nazrul (client code # 00812, BO ID # 1203670034063463), a client of Alliance Securities and Management Limited, has bought 2,45,000 shares of Alltex Industries Limited on 26, 27 & 28 October, 2014 and made profit of Tk.31,95,835.00 i.e., 147.07%. Mentionable that she is the wife of Mr. Md. Nazrul Islam, Deputy Manager (Accounts) of Alltex Industries Limited. Details are as follows:

**Name of the broker: Alliance Securities & Management Limited**

**Client Code: 00812**

**Client Name: Mrs. Shamima Nazrul**

| Date | Buy Qty | Buy rate | Buy value | Sale Qty | Sale rate | Sale value | | Trade volume | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | DSE | Client buy | Client Contribution |
| 26.10.14 | 43,500 | 8.53 | 371,055 | | | 0 | | 227,000 | 43,500 | 19.16% |
| 27.10.14 | 176,500 | 8.94 | 1,577,910 | | | 0 | | 728,000 | 176,500 | 24.24% |
| 28.10.14 | 25,000 | 8.96 | 224,000 | | | 0 | | 2,138,000 | 25,000 | 1.17% |
| 16.11.14 | | | 0 | 45,000 | 23.44 | 1,054,800 | | 4,845,000 | 45,000 | 0.93% |
| 17.11.14 | | | 0 | 200,000 | 21.57 | 4,314,000 | | 3,647,000 | 200,000 | 5.48% |
| **Total** | **245,000** | **8.87** | **2,172,965** | **245,000** | **21.91** | **5,368,800** | | **11,585,000** | **490,000** | **4.23%** |
| **Realized gain(Tk.)** | | | | | | **3,195,835** | | | | |
| **Realized gain(%)** | | | | | | **147.07%** | | | | |
| **Market closing price as on 12-Jan-15** | | | | | | **35.80** | | | | |
| **Unrealized gain(Tk.)** | | | | | | **N/A** | | | | |
| **Unrealized gain (%)** | | | | | | **N/A** | | | | |

**Corporate Declaration of Alltex Industries Limited:**

Alltex Industries Limited disseminated the following information through DSE website on October 29, 2014:

> "The Board of Directors has recommended 10% stock dividend for the year ended on June 30, 2014. The Company has also reported EPS of Tk. 2.56, NAV per share of Tk. 11.16 and NOCFPS of Tk. 0.82 for the year ended on June 30, 2014".


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
~~জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ~~।
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

As per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ২, উপ-বিধি (ঙ) "সুবিধাভোগী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি-

(অ) কোন কোম্পানীর পরিচালক, প্রধান শেয়ারহোল্ডার ম্যানেজিং এজেন্ট, ব্যাংকার, নিরীক্ষক, উপদেষ্টা, কর্মকর্তা বা কর্মচারী।

(আ) এমন একজন ব্যক্তি যে, উপ-দফা (অ) তে উলিণ্ডখিত কোন ব্যক্তির সহিত তাহার সম্পর্কের কারণে অথবা কোম্পানীর সহিত যে কোন সম্পর্কের কারণে বা তাহার অবস্থানের কারণে মূল্য সংবেদনশীল তথ্য জানিতে পারেন বা উক্ত তথ্য জানিবার সুযোগ তাহার আছে বলিয়া বিবেচনা করা যায়।

As per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ৪, উপ-বিধি

(১) "কোন ব্যক্তি নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোন ব্যক্তিগত পরামর্শ প্রদানবা সহায়তা করিবেন না।"

And as per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ৩, উপ-বিধি

(১) " আপাততঃ বলবৎ যে কোন আইন, কোম্পানীর সংঘবিধি এবং কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য অন্য কোন বিধি-বিধানের প্রয়োজন ব্যতীত কোন সুবিধাভোগী কোন মূল্য সংবেদনশীল তথ্য অন্য কাহারও নিকট সরবরাহ করিতে পারিবে না।"

Being the Deputy Manager (Accounts) of Alltex Industries Limited, Mr. Md. Nazrul Islam was in a postion to get information about the company's yearly performance. As Mrs. Shamima Nazrul traded in shares of Alltex Industries just before the corporate declaration, it seems that Shamima Nazrul may have had the opportunity to know this information from her husband. Otherwise, we can say that Mr. Md. Nazrul Islam might has traded in shares of Alltex indirectly through his wife's account.

**Contravention:**

Shamima Nazrul has violated the **সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫, বিধি ৪, উপ-বিধি (১)** by purchasing "ALLTEX" shares based on undisclosed information about company's yearly performance.**"Unquote**

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য মিসেস শামীমা নজরুল এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- BSEC/Enforcement/2226/2015/216 তারিখ জুন ০৮, ২০১৬ ইং প্রেরণ করে এবং জুলাই ২১, ২০১৬ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে এবং যা পরবর্তীতে কমিশনের ২৮/১১/২০১৬ ইং তারিখের পত্রের মাধ্যমে ১৪/১২/২০১৬ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করা হয়। ধার্য্যকৃত তারিখে জনাব মিসেস শামীমা নজরুল এর প্রতিনিধি উপস্থিত হয়ে ডিসেম্বর ১৪, ২০১৬ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিন্মোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"-------সবিনয় নিবেদন এই যে, আমি বিগত ০৮/০৬/২০১৬ইং তারিখে আপনার প্রদত্ত চিঠি প্রাপ্ত হই। প্রাপ্ত চিঠিতে বিগত ২১/০৭/২০১৬ইং তারিখে বেলা ১১ ঘটিকায় ব্যাখ্যা প্রদানের দিন ধার্য্য ছিল। উক্ত তারিখে আমার প্রতিনিধি জনাব এডভোকেট জগদীশ চন্দ্র সাহার মাধ্যমে সময় প্রার্থনা করিয়াছিলাম, অতঃপর নোটিশটির শুনানি অদ্য ১৪/১২/২০১৬ইং তারিখে ধার্য্য করা হয়। আপনার চিঠিতে আপনি Non compliance of Securities related laws-এর ব্যাপারে আমার নিকট জানতে চেয়েছেন। এর প্রেক্ষিতে আমার বক্তব্য নিম্নে উপস্থাপন করিলাম :

আমি নিম্নস্বাক্ষরকারী শামীমা নজরুল। আমি মোঃ নজরুল ইসলাম সাহেবের সহধর্মীনি। আমি পেশায় একজন গৃহিণী। আমার স্বামী মোঃ নজরুল ইসলাম আমার নামে একটি BO Account Open করেন এবং পরিচালনা করিয়া আসিতেছেন। যেখানে যখন স্বাক্ষর দরকার হয় আমি দিয়ে থাকি।

আলোচ্য Security related Laws সম্বন্ধে আমার কোন জ্ঞান নেই। যার ফলে এই পর্যন্ত আমার Accountটিতে ১০,৫৩,৪৬১/- টাকা নীট ক্ষতি হয়েছে। জানি না আমার স্বামী কিভাবে এই ক্ষতি থেকে বের হয়ে আসবেন।

যাই হোক, যদি কোন ভুল-ত্রুটি হয়ে থাকে তাহলে বিনীতভাবে ক্ষমা চাচ্ছি এবং ভবিষ্যতে শেয়ার ক্রয়-বিক্রয়ে আইন-কানুন মেনে চলতে সচেষ্ট থাকব।

উপরোক্ত বিষয়াদি ও প্রমাণিত বিবেচনাপূর্বক আমাকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।"

যেহেতু, মিসেস শামীমা নজরুল তারিখ ডিসেম্বর ১৪, ২০১৬ ইং পত্রের মাধ্যমে উল্লিখিত ব্যর্থতা তথা বিধি বিধান লংঘন সংক্রান্ত অভিযোগ স্বীকার করে যে লিখিত ব্যাখ্যা প্রদান করেছে তা কমিশনের নিকট গ্রহনযোগ্য বলে বিবেচিত হয়নি এবং মিসেস শামীমা নজরুল এর উক্ত লংঘন ইচ্ছাকৃত;

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

~~জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।~~

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনকি এলাকা, ঢাকা-১২০৭।


যেহেতু, সিকিউরিটিজ সংক্রান্ত উল্লিখিত আইন ও উহার অধীন জারিকৃত বিধি-বিধান পরিপালনে মিসেস শামীমা নজরুল এর উক্তরূপ ব্যর্থতা section 22 of the Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে মিসেস শামীমা নজরুলকে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে মিসেস শামীমা নজরুল এর উপর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

মোঃ আমজাদ হোসেন
কমিশনার

বিতরনঃ
মিসেস শামীমা নজরুল
স্বামী : জনাব মোঃ নজরুল ইসলাম
উপ-ব্যাবস্থাপক (হিসাব)
অলটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড।

অবগতির জন্য অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি।
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি।
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি।
৪। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd